

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৪৬২

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

الْفَصْلُ الثَّلَاثُ (بَابُ أَشْرَاطِ السَّاعَةِ)

আরবী

وَعَنْ أَبِي إِسْحَاقَ قَالَ: قَالَ عَلِيٌّ وَنَظَرَ إِلَى ابْنِهِ الْحَسَنِ قَالَ: إِنَّ ابْنِي هَذَا سَيِّدٌ كَمَا سَمَّاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَيَخْرُجُ مِنْ صُلْبِهِ رَجُلٌ يُسَمَّى بِاسْمِ نَبِيِّكُمْ يُشْبِهُهُ فِي الْخُلُقِ - ثُمَّ ذَكَرَ قِصَّةَ - يَمَلَأُ الْأَرْضَ عَدْلًا. رَوَاهُ أَبُو دَاوُدَ وَلَمْ يَذْكُرِ الْقِصَّةَ

اسناده ضعيف ، رواه ابوداؤد (1 / 4290) * ابوداؤد لم يدرك هارون بن المغيرة فالسند منقطع و ابو اسحاق مدلس و عنعن ولم يسمعه من على رضى الله عنه - (ضعيف)

বাংলা

৫৪৬২-[২৬] আবু ইসহাক (রহিমাল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন 'আলী (রাঃ) স্বীয় পুত্র হাসান (রাঃ)-এর প্রতি তাকিয়ে বললেন, নিশ্চয় আমার এই পুত্র একজন নেতা। যেমন রাসূলুল্লাহ (সা.) তাকে নেতা বলে আখ্যায়িত করেছেন। অদূর ভবিষ্যতে তার ঔরসে এমন এক লোকের আগমন ঘটবে, যার নাম হবে তোমাদের নবীর নামানুসারে। তিনি হবেন তাঁর (নবীর) চরিত্রের সদৃশ, কিন্তু চেহারা ও দৈহিক গঠনে তাঁর সদৃশ হবে না। অতঃপর আলী (রাঃ) উক্ত ব্যক্তির কর্মকাণ্ড সম্পর্কে বিস্তারিত ঘটনা বর্ণনা করে বলেছেন, তিনি ন্যায় ও ইনসাফ দ্বারা সারা ভূপৃষ্ঠকে পরিপূর্ণ করে দেবেন। [আবু দাউদ, তবে ইমাম আবু দাউদ (রহিমাল্লাহ) তাঁর রিওয়ায়াত সংশ্লিষ্ট বিস্তারিত ঘটনাটি বর্ণনা করেননি]

ফুটনোট

যাঈফ: আবু দাউদ ৪২৯০; কারণ সনদে আবু ইসহাক ও 'আলী-এর মাঝে ইনকিতা আছে, যাঈফাহ্ ৬৪৮৫।

হাদিসের মান: যাঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু ইসহাক (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85440>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন